

West Bengal State University
B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2014
PART - I

বাংলা — সাম্মানিক

প্রথম পত্র

সময় : ৪ ঘন্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

- ১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোন্ সময়ে রচিত ? কোন্ কবির রচনা ? কাব্যটির আলোচনা প্রসঙ্গে কবির কৃতিত্ব ব্যাখ্যা করো। কাব্যটির গুরুত্বের দিকগুলি নির্দেশ করো।

১ + ১ + ৮ + ৫

অথবা

- চৈতন্যদেবকে অবলম্বন করে মধ্যযুগে জীবনী কাব্যরচনার কারণ কী ? দুটি প্রধান চৈতন্য জীবনীকাব্য ও তার রচয়িতাদের পরিচয় উদ্ধার করো।

৩ + ৬ + ৬

অথবা

- 'মনসামঙ্গল' কাব্য-কাহিনীর পরিচয় দাও। এই কাব্যধারায় উত্তর চব্বিশ পরগনার একজন কবির কৃতিত্ব নির্দেশ করো।

$৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$

- ২। বাংলা গদ্য সাহিত্যের ইতিহাসে 'দিগদর্শন' থেকে 'বঙ্গদর্শন' পর্যন্ত সাময়িক পত্রের ভূমিকা ও অবদান নির্ণয় করো।

১৫

অথবা

- ঈশ্বর গুপ্তকে যুগসন্ধির কবি বলার কারণ নির্দেশ করো। তাঁর কবি-কৃতিত্ব বিচার করো। ৫ + ১০
- অথবা
- নাট্যকার রামনারায়ণ তর্করত্নের নাট্যকৃতির পরিচয় উদ্ধার করো। ১৫
- ৩। বাংলা উপন্যাসের ধারায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও। ১৫
- অথবা
- বাংলা কাব্যে কবি সুভাষ মুখোপাধ্যায় অথবা কবি সুকান্ত ভট্টাচার্যের কৃতিত্ব নির্ণয় করো। ১৫
- অথবা
- ছোটো গল্পকার সুবোধ ঘোষ-এর কৃতিত্ব নির্দেশ করো। ১৫
- ৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ১০ = ১০
- ক) চৈতন্য পূর্ব ও চৈতন্য পরবর্তী যুগের পদাবলী সাহিত্যের প্রধান প্রধান পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- খ) কবি হিসাবে হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো।
- গ) ছোটো গল্পকার হিসাবে মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রতিভার পরিচয় দাও
- ৫। প্রতি গুচ্ছ থেকে একটি করে যে-কোনো তিনটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও : ৩ × ৫ = ১৫
- ক) শিবায়ন, পদ্মাবতী, ধর্মঙ্গল
- খ) বত্রিশ সিংহাসন, আলালের ঘরের দুলাল, সারদামঙ্গল
- গ) দিবারাত্রির কাব্য, নবান্ন, চতুরঙ্গ।
- ৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ১৫ = ১৫
- ক) উপভাষা কাকে বলে ? প্রধান প্রধান উপভাষাগুলির নাম উল্লেখ করে, যে কোনো দুটি উপভাষার ভাষাতাত্ত্বিক পরিচয় দাও। ৩ + ৩ + ৯
- খ) বাংলা ভাষায় ধ্বনি-পরিবর্তনের প্রধান প্রধান কারণগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো। ১৫
- গ) প্রাচীন ভারতীয় আর্যভাষা কীভাবে বিবর্তনের মধ্য দিয়ে বাংলাভাষার সৃষ্টি করেছে, তা উদাহরণসহ আলোচনা করো। ১৫

- ৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ১৫ = ১৫
- ক) উদাহরণসহ যে কোনো পাঁচটির সংজ্ঞা নির্দেশ করো : ৫ × ৩
 সমীভবন, আদি স্বরলোপ, জোড়কলম শব্দ, বিষমীভবন, স্বরাগম, অভিশ্রুতি, লোকনিরুক্তি।
- খ) যে কোনো পাঁচটির ভাষাতাত্ত্বিক টীকা লেখো : ৫ × ৩
 আমড়া, ডুমুর, আস্তাবল, কুলুপ, আঠারো, গবাক্ষ, এগারো, উজবুক, সাঁঝ।
-